মেহেরপুর “পুলিশ সুপার কাপ’ আন্তঃ ব্যাডমিন্টন প্রতিযোগীতা অনুষ্ঠিত

মেহেরপুরে পুলিশ সুপার কাপ আন্তঃ ব্যাডমিন্টন টুর্নামেন্ট ২০২৩ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার রাতে মেহেরপুরে পুলিশ লাইনস মেহেরপুর জেলা পুলিশ ব্যাডমিন্টন টুর্নামেন্টের আয়োজন করে।

টুর্নামেন্টে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক এর নেতৃত্বে গাংনী থানা পুলিশের একটি টীম,মুজিবনগর থানা পুলিশের টীম,সদর থানা পুলিশের টীম পুলিশ সুপার কার্যালয়ের টীম,জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের টীমসহ মোট ২৪ টি দল অংশ গ্রহন করে।

১২ টি দলে ভাগ হয়ে টানটান উত্তেজনাকর খেলায় অতিরিক্ত পুলিশ সুপার (এডমিন) জামিরুল ইসলামের টীম অন্যদিকে তার ড্রাইভার কাউছার ও কম্পিউটার অপারেটর জাহিদ ফাইনালে ওঠেন। শ্বাসরুদ্ধকর খেলায় অতিরিক্ত পুলিশ সুপার এডমিন জামিরুল ইসলামের দলকে হারিয়ে কাউছার ও জাহিদের টীম চ্যাম্পিয়ন হয়।

মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে ট্রফি ও পুরুস্কার তুলে দেন। জেলা পুলিশের আয়োজনে পুলিশ সুপার কাপ আন্তঃ ব্যাডমিন্টন প্রতিযোগীতা সাধুবাদ জানিয়েছেন সুধী মহল। এমন আয়োজন পুলিশের সকল সদ্স্যদের মধ্যে আনন্দ জুগিয়েছে এবং প্রতিবছর আয়োজনের দাবী করেছেন।